০১৮

তারিখ ... ৩১। ৪।৭৪ ...
পৃষ্ঠা ... ৫ কলাম ... ৪ ...

# দৈনিক বাংলা




## পাবলিক সার্ভিস কমিশন সমীপে

ঢাকা বিভাগের জনশিক্ষা উপ-পরিচালকের নিয়ন্ত্রণাধীনে বিভিন্ন পদে নিয়োগ ও প্যানেল প্রস্তুত করার জন্যে পাবলিক সার্ভিস কমিশন বিগত ২৬-১০-৭৭ তারিখে একটি বিজ্ঞপ্তি প্রচার করেন যার ভিত্তিতে গত ২১-৩-৭৮ তারিখ থেকে সাক্ষাৎকার গ্রহণ শুরু হয়। সম্প্রতি জানা গেছে যে, কমিশন কেবল মাত্র শূন্য পদের সমসংখ্যক নাম উপ-পরিচালকের দফতরে পাঠিয়েছেন এবং আপাতত কোন প্যানেল ঘোষণা করছেন না। এই শেষোক্ত ব্যবস্থা কমিশনের বিজ্ঞপ্তির বরখেলাফ এবং এতে করে প্রার্থীরা এক অনিশ্চিত ও অস্বস্তিকর পরিস্থিতিতে পড়েছেন। যে সব প্রার্থীর বয়স পেরিয়ে যাচ্ছে তাঁদের অস্বস্তি ও অনিশ্চয়তা আরো নিদারুণ। প্যানেল ঘোষণা করা হলে প্যানেলভুক্ত প্রার্থীরা যেমন অনেকটা নিশ্চয়তা লাভ করতে পারেন, তেমনি যারা প্যানেলভুক্ত হবেন না, তাঁরাও অন্যত্র ভাগ্য পরীক্ষায় নামতে পারেন।

তাই প্রস্তাব করছি, আর কালহরণ না করে প্যানেল ঘোষণা করা হোক।

এ প্রসঙ্গে একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই। যোগ্য বিবেচিত প্রার্থীদের মধ্যে যাঁরা বয়সসীমা অতিক্রম করে যাচ্ছেন, দীর্ঘদিনের প্রচলিত নিয়ম অনুযায়ী তাঁদের যেন প্যানেল প্রস্তুতিতে অগ্রাধিকার দেওয়া হয়; অন্যথায় পদ লাভের সুযোগ থেকে তাঁরা বঞ্চিত হবেন।

হাছিনা বেগম
লালমাটিয়া।

## পল্লী চিকিৎসক ট্রেনিং প্রোগ্রামে ভর্তির শর্ত

২২শে আগস্টের দৈনিক বাংলায় জনমত কলামে পল্লী চিকিৎসক ট্রেনিং প্রোগ্রামে ভর্তির শর্ত শিরোনামে প্রকাশিত শেখ মুহম্মদ নুরুল ইসলামের চিঠিটির প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। পল্লী চিকিৎসক ট্রেনিং কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থদের উপর 'আবেদনকারী গ্রামে বাস করিতেছে।' এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট থেকে সার্টিফিকেট লওয়ার শর্তটুকু উঠিয়ে দিলে আমার মতো অনেকেই এই কোর্সে অংশ গ্রহণের সুযোগ পাবেন। শহরে আমার নিজের একটা ছোটখাট ওষুধের ফার্মেসী আছে। কয়েক বছর ধরে কয়েকজন ডাক্তারের সান্নিধ্যে থেকে চিকিৎসা ব্যাপারে মোটামুটি কিছু জ্ঞান লাভ করেছি। আমি এখন উক্ত ট্রেনিং কোর্সে ভর্তি হয়ে আরো কিছু শিখতে চাই এবং বাস্তবে তা কাজে লাগাতে চাই। এখন যেহেতু কার্যোপলক্ষে আমাকে শহরে থাকতে হচ্ছে সেহেতু 'আমি গ্রামে বাস করতেছি' এই মর্মে আমার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেব সার্টিফিকেট দেবেন না এবং কর্তৃপক্ষের শর্ত অনুযায়ী এই সার্টিফিকেট না পেলে আমি দরখাস্ত করার অযোগ্য বলে বিবেচিত হবো। কর্তৃপক্ষ উল্লিখিত শর্তটুকু বিলোপ করে তৎপরিবর্তে 'প্রার্থী ট্রেনিং কোর্স শেষ করে গ্রামে থাকবেন' এই মর্মে বন্ড সই করিয়ে নিয়ে আমাদের মতো অতি আগ্রহী লোকদের এ কোর্সে ভর্তি হওয়ার সুযোগ দান করবেন। তাঁদের কাছে এই আমার অনুরোধ রইলো।

গোপীনাথ রায়, ফণি
শশী ফার্মেসী,
রজনী চৌধুরী রোড,
ঢাকা।